

২৩/৫

~~২৩/৫~~  
P. ০৭

তারিখ ... ২০ MAY 1985...  
পৃষ্ঠা... ৫... কলাম... ১... ..

002

**বি, এ (পাস) পরীক্ষার  
সিলেবাস প্রসঙ্গে**

বিগত ১৯৮৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বি, এ (পাস) পরীক্ষায় রাষ্ট্রবিজ্ঞান ১ম পত্রের স্থানিদিষ্ট নতুন সিলেবাস দেওয়া হয়েছে দুই ধরনের প্রশ্নপত্র (আলাদা ভাবে প্রথমটা "নতুন ও পুরান সিলেবাস অনুযায়ী" ও অন্যটা "পুরাতন সিলেবাস অনুযায়ী") দেওয়া হয়। এখানে উল্লেখ্য যে, প্রথমোক্ত প্রশ্নপত্রে পুরাতন সিলেবাসের রাজনৈতিক চিন্তাধারা : পেটো থেকে ক্রমশঃ কোম প্রশ্ন অন্তর্ভুক্ত করা হয়। যদিও প্রশ্নপত্রের উপরে 'নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী' লিখা ছিল। অপর দিকে পুরাতন সিলেবাস অনুযায়ী প্রশ্নে শুধুমাত্র রাজনৈতিক চিন্তাধারা : পেটো থেকে ক্রমশঃ পর্যন্ত প্রশ্ন ছিল। এই দুই ধরনের প্রশ্নপত্রের মধ্যে সুবিধামত যে কোন একটার উত্তর দেওয়ার নির্দেশ ছিল।

একই পরীক্ষায় দুই ধরনের প্রশ্নপত্র দেওয়ার ফলে পুরাতন পরীক্ষার্থীগণ কিছুটা উপকৃত হলেও নতুন পরীক্ষার্থীদের জন্যে ইহা খুব একটা প্রতিকর ব্যাপার নয়। কারণ পরীক্ষার ফলে উৎকৃষ্ট প্রশ্নপত্র দর্শন মাত্র নতুনদের মনে বিরূপ প্রতিক্রিয়ার

দৃষ্টি করে। প্রধান সমস্যা হল, পরীক্ষার পূর্বে পরীক্ষার্থীদের কেউ জানেন না প্রশ্নপত্র কোন ধরনের হবে। ১৯৮৫ সালের পরীক্ষার সিলেবাসও '৮৪র অনুরূপ। তাই এবারের পরীক্ষায়ও গতবারের মত দুই ধরনের প্রশ্নপত্র থাকবে নাকি শুধুমাত্র নতুন সিলেবাস অনুযায়ী হবে, সম্ভাব্য বিভ্রান্তি এড়ানো এবং সকল পরীক্ষার্থীর স্বার্থে এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুস্পষ্ট ব্যাংখ্যা পত্রিকায় প্রকাশের জন্যে মবিনয় দাবী জানাচ্ছি।

এম, জি মোস্তফা,  
১৭২/৪, উত্তর মুগদাপাড়া, ঢাকা।